

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মুহাম্মদ ছালামত উল্লাহ চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম এর অফিস কক্ষ।

সভার তারিখঃ ১৯ ডিসেম্বর, ২০২১ খ্রি., রবিবার, বিকাল ৩:০০ ঘটিকা।

অধ্যকার সভায় সভাপতিত্ব করেন উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটির সভাপতি ও উপজেলা পরিষদের সম্মানিত ভাইস চেয়ারম্যান জনাব মুহাম্মদ ছালামত উল্লাহ চৌধুরী। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

আলোচ্য সূচীঃ

১। জিওবি ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা) এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ।

২। বিবিধ

আলোচনাঃ

১। জিওবি ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা) এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ।

সদস্য সচিব জনাব মোঃ নূরুল ইসলাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা) এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরের জন্য সক্ষমতা উন্নয়ন মূলক প্রশিক্ষণের প্রস্তাবনা প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ উপজেলার বিভিন্ন ইউনিয়নের জনগণের চাহিদা ও জনগুরুত্ব বিবেচনার ভিত্তিতে জিওবি ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা) এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ফটিকছড়ির উপজেলার দরিদ্র, অসহায়, স্বল্প শিক্ষিত, স্বামী পরিত্যক্তা, বিধবা ও অবহেলিত নারী ও সমবায়ীদের জন্য নিম্নোক্ত দুইটি প্রশিক্ষণ প্রস্তাবনা প্রকল্প বাছাই কমিটিতে নির্বাচনের জন্য উপস্থাপন করা হলো।

ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	অংশগ্রহণকারী	বাস্তবায়নকারী দপ্তর	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০১	সমবায়ীদের বাঁশ ও বেত দিয়ে গৃহস্থালি সামগ্রী তৈরি বিষয়ক প্রশিক্ষণ	৩০ জন	পল্লী জীবিকায়ন প্রকল্প (পঞ্জীব)	উপজেলা প্রকল্প কর্মকর্তা
০২	সুদ্র উদ্যোক্তাদের নকশী কাঁথা তৈরি ও কুটির শিল্প বিষয়ক প্রশিক্ষণ	৩০ জন	আমার বাড়ী আমার খামার ও পল্লী সফল ব্যাংক	উপজেলা সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক

অতঃপর সভাপতি মহোদয় সরকারের সকল কর্মসূচী ও সকল সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মুহাম্মদ ছালামত উল্লাহ চৌধুরী)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি।

স্মারক নং -

তারিখঃ ১৯.১২.২০২২ খ্রি।

অনুশিপি সদস্য জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ৪। চেয়ারম্যান, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ৫। অফিস কপি।



(মোঃ নূরুল ইসলাম)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও সদস্য সচিব

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটি
ফটিকছড়ি, চট্টগ্রাম।